10/4/21, 1:29 PM 02_118.jpg (229×853)



### সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# শিক্ষা কার্যক্রম আরও আধুনিক করা হবে

**নিজস্ব প্রতিবেদক** ●
শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার্থীদের শিখাতে হবে কীভাবে জীবনব্যাপী শিক্ষা অর্জন করা যায়। দ্রুত পরিবর্তনশীল এই বিশ্বে প্রতিনিয়ত জ্ঞানের বিষয়গুলো পরিবর্তিত হচ্ছে। যে জ্ঞান খুবই প্রয়োজনীয়, সময়ের পরিবর্তনে হয়তো সে জ্ঞান তার প্রয়োজনীয়তা হারাতে পারে। বেঁচে থাকার জন্য, জীবন-জীবিকার জন্য হয়তো নতুন কোনো জ্ঞান অর্জন করা জরুরি হয়ে উঠবে। তাই আমাদের শিক্ষার্থীদের শিখাতে হবে কীভাবে জীবনব্যাপী শিখতে হয়। গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, একজন শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা সমাপ্ত করে কর্মক্ষেত্রে যোগদান করার পরও নতুন কোনো ক্ষেত্রে জ্ঞান অর্জন করা তার জন্য জরুরি হয়ে উঠতে পারে। তখন তার পক্ষে আবার বিশ্ববিদ্যালয় পর্যায়ে সরাসরি শিক্ষা কার্যক্রম শুরু করা সম্ভব নয়। এই প্রয়োজনীয়তা উপলব্ধি করে সরকার ব্লেন্ডেড এডুকেশন সিস্টেম চালুর কথা ভাবছে।

https://epaper.dainikamadershomoy.com/files/e-paper/2021/04/09/images/02_118.jpg 1/1